



পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) কর্তৃক বাস্তবায়িত PKSF এর অর্থায়নে Pathways to Prosperity for Extremely Poor People (PPEPP) প্রকল্পের আওতায় কিশোরগঞ্জ জেলার ইটনা উপজেলায় প্রত্যন্ত গ্রামে/ইউনিয়নে কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নলিখিত পদসমূহের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। এটি একটি পাইলট প্রকল্প হিসাবে ৭ মাসের জন্য শুরু হবে, তবে পরবর্তীতে আরো ৫ বছরের জন্য মেয়াদ বৃদ্ধির সম্ভাবনা রয়েছে।

#### পদের নাম : নিউট্রিশন কাউন্সিলর

শিক্ষাগত যোগ্যতা : ৪ বছর মেয়াদী MATS কোর্স বা ৩ বছর মেয়াদী পল্লী প্যারামেডিক কোর্স সম্পন্ন হতে হবে।

বেতন : ১৮,০০০/- টাকা। এছাড়াও প্রকল্প নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা।

কর্মস্থল : কিশোরগঞ্জ জেলার ইটনা উপজেলা।

অভিজ্ঞতা : পুষ্টি ও প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্যক্রমে বিষয়ক কমিউনিটি পর্যায়ে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স : সর্বোচ্চ ৩৫ বছর। যোগ্যতর প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

#### দায়িত্ব ও কর্তব্যঃ

- নিউট্রিশন কাউন্সিলর হিসাবে ইউনিয়ন পর্যায়ে পুষ্টি সেবা বাস্তবায়নে সক্রিয় ভূমিকা পালন করা।
- কমিউনিটি ক্লিনিক ও পরিবার কল্যান কেন্দ্রের সাথে সমন্বয় সাধনের মাধ্যমে প্রত্যক্ষ ও পরোক্ষ পুষ্টি কার্যক্রম যেমন-ডিরেক্ট নিউট্রিশন-ইন্টারভেনশন বাস্তবায়ন/শক্তিশালীকরণ যেমন-শিশুর খাবাও পুষ্টি, স্বাস্থ্যবিধি, সম্পূরক অনুপুষ্টি, ক্রিমিনাশ পুষ্টিসমৃদ্ধ খাবার গ্রহণ, তীব্র অপুষ্টি ব্যবস্থাপনা, বাস্তবায়নে কাজ করবেন।
- প্রকল্পের লাইভলিহুড কার্যক্রম এর সাথে সমন্বয় এর মাধ্যমে অতিদরিদ্র খানায় পুষ্টি বাগান, প্রানীজ ও মৎস সম্পদের পারিবারিক খামার প্রতিষ্ঠা করা এবং পরিবারের পুষ্টি সরবরাহে যথাযথ ব্যবহার এর মাধ্যমে পরিবারের খাবারের বৈচিত্রতা নিশ্চিত পূর্বক পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা।
- শিশুর সোনালি সম্ভাবনাময় ১০০০দিন এর পুষ্টি ও স্বাস্থ্য সেবা, গর্ভকালীন এএনসি, গর্ভপরবর্তী পিএনসি, গর্ভবর্তী ও প্রসুতি মায়েদের পুষ্টি, শিশুর খাবার পুষ্টি, কৈশোর পুষ্টি, প্রজননক্ষম নারীর (১৫-৪৯ বছর বয়সী) পুষ্টি এবং বয়স্কদের পুষ্টি সেবার প্রাপ্যতা নিশ্চিত করা।
- মারাত্মক তীব্র অপুষ্টি চিহ্নিত শিশুদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর স্যাম কর্নারে রেফারেন্স ও সেবা প্রাপ্তি নিশ্চিত করা।
- ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাসহ সরকারী ও বেসরকারী পর্যায়ের মাল্টি সেক্টোরাল সহযোগীদের সাথে যোগাযোগ রক্ষা করা এবং মাসিক মিটিংগুলোতে অংশগ্রহণ করা।

#### অন্যান্য শর্তাবলীঃ

- সাধারণ জনগনের সাথে মিশে নির্ধারিত কর্মএলাকায় পায়ে হেঁটে কাজ করার মানসিকতা থাকতে হবে।
- শুধুমাত্র নারী প্রার্থীরা আবেদন করতে পারবেন।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রজিন ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ২৭/০৮/২০১৯ইং তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য নয়। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে।

web: [www.popibd.org](http://www.popibd.org)

” নারী-শিশু নির্যাতন ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দমনীয় অপরাধ ”